**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 08-03-2025**
**Time: 07.35-07.41 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**IWD :**

আজ আন্তর্জাতিক নারী দিবস। ৮ই মার্চ নারীজাতির প্রতি সম্মান জানানোর দিন। এবছর নারী দিবসের থিম – সকল মহিলা ও বালিকাদের জন্য – অধিকার, সময় ও সক্ষমতা। সারা দেশের সঙ্গে রাজ্যেও এই দিনটি উদযাপন করা হচ্ছে নানাভাবে গুণী নারীদের প্রতি সংবর্ধনা জ্ঞাপন, ও আলোচনাচক্রের মাধ্যমে।

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে গতকাল আকাশবাণী আগরতলা কেন্দ্রের উদ্যোগে একটি বিশেষ অনুষ্ঠানে সমাজের বিভিন্ন ক্ষেত্রে প্রতিষ্ঠিত নারীদের সম্মাননা প্রদান করা হয়। তারা হলেন পদ্মশ্রী স্মৃতি রেখা চাকমা, সংগীত নাটক একাডেমী পুরস্কার প্রাপ্ত তরুবালা দেব্বর্মা, সাহিত্য একাডেমি পুরস্কার প্রাপ্ত এস গম্ভীনি সিং প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত ভাষণ রাখেন অনুষ্ঠান বিভাগের প্রধান জয়শ্রী দেব্বর্মা। সাংস্কৃতিক অনুষ্ঠানে বিভিন্ন শিল্পীরা সঙ্গীত পরিবেশন করেন। এবছর আন্তর্জাতিক নারী দিবসের রাজ্যভিত্তিক মূল অনুষ্ঠানটি হবে ১৩ই মার্চ। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে অনুষ্ঠানের উদ্বোধন করবেন।

আজ আন্তর্জাতিক নারী দিবস উদযাপন এবং নারীদের প্রতি শ্রদ্ধা / ও মর্যাদা জ্ঞাপন করছে আকাশবাণী আগরতলার সংবাদ বিভাগ। এনিয়ে আমাদের একটি বিশেষ প্রতিবেদন –

######### VC ########

*******************************************

**Weather :**

আজ আকাশ পরিষ্কার থাকবে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫.৬ ডিগ্রি সেলসিয়াস। দুপুরে সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩০ ডিগ্রী সেলসিয়াস।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *